

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ ই আগস্ট জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে "আমার চোখে বঙ্গবন্ধু" বিষয়ে ভিডিও চিত্র তৈরি করার জাতীয় প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। উপজেলার সকল স্কুল-কলেজ ও তদুর্ধ্ব পর্যায়ের ছাত্র-ছাত্রীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

## প্রতিযোগিতার নিয়মাবলী

- ক) ভিডিওটি প্রস্তুত করে মেইলে/ পেনড্রাইভ/ ড্রাইভ লিংক এর মাধ্যমে উপজেলা অফিসারের নিকট আগামী ১৬ জুলাই ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে, এক্ষেত্রে ড্রাইভ লিংক এর এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে।
- খ) ভিডিও ধারণের ক্ষেত্রে যেকোন মোবাইল বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে।
- গ) মোবাইল ভিডিওটি ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৫:৯) অনুপাত করতে হবে।
- ঘ) ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপ্যাড বা স্ট্যান্ড ব্যবহার করা সবথেকে সুবিধাজনক হবে।
- ঙ) ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে।
- চ) ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে।
- ছ) কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে।
- জ) ভিডিও এর ব্যাপ্তি সর্বোচ্চ (০১) মিনিট হতে হবে।
- ঝ) ভিডিও সম্পাদনের সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়।
- ঞ) ভিডিও'র মধ্যে প্রতিযোগির নাম, শ্রেণী, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম, এবং মোবাইল নম্বর দিতে হবে।
- ট) ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।  
যোগাযোগ নম্বরঃ ০১৭৩৩-৩৫৪৯৩৭, ই- মেইলঃ [unoburichang1@gmail.com](mailto:unoburichang1@gmail.com)

মোঃ ছামিউল ইসলাম  
সহকারী কমিশনার (ভূমি)

ও

উপজেলা নির্বাহী অফিসার (চঃ দাঃ)  
বুড়িচং, কুমিল্লা

স্মারক নম্বর: ০৫.৪২.১৯১৮.০০০.৪১.০০১.২৩-

তারিখ: ০৬.০৭.২০২৩ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জেলা প্রশাসক কুমিল্লা।
১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বুড়িচং, কুমিল্লা।
- ৩ ভাইস চেয়ারম্যান /মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বুড়িচং, কুমিল্লা।
- ৪ উপজেলা..... কর্মকর্তা (সকল), বুড়িচং, কুমিল্লা।
৫. চেয়ারম্যান..... ইউনিয়ন পরিষদ (সকল), বুড়িচং, কুমিল্লা।
৬. অফিস কপি।

মোঃ ছামিউল ইসলাম  
সহকারী কমিশনার (ভূমি)

ও

উপজেলা নির্বাহী অফিসার (চঃ দাঃ)  
বুড়িচং, কুমিল্লা

